# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

Email : sylheteduboard@gmail.com


স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/২০২২/১৪

তারিখ ঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর অধীনে ২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ইংরেজী (আবশ্যিক) ২য় পত্র, বিষয় কোড- ১০৮ এর পরীক্ষা ২৫/০৬/২০২২ তারিখ শনিবারের পরিবর্তে ২৪/০৬/২০২২ তারিখ শুক্রবার সকাল ১০.০০ টা থেকে বেলা ১২.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। উল্লিখিত সময়সূচি পুনর্বিন্যাসকৃত রুটিনে অন্তর্ভূক্ত করা হয়েছে।

বিষয়টি পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ পুনর্বিন্যাসকৃত এসএসসি পরীক্ষা-২০২২ এর সময়সূচি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৩/৬/২০২২

(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, email: sbcontroller16@gmail.com


স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য-০৫/৫০০০/২০২২/৬৬০ তারিখঃ ২২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ মে ২০২২ খ্রি.

একই স্মারক নং ও তারিখ ঠিক রেখে

## ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২টা থেকে ৪টা পর্যন্ত | সেট কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) -১ম পত্র | ১০১ | ১৯/০৬/২০২২<br>রবিবার | X | |
| ১। বাংলা (আবশ্যিক) -২য় পত্র | ১০২ | ২০/০৬/২০২২<br>সোমবার | X | |
| ১। ইংরেজি (আবশ্যিক)-১ম পত্র | ১০৭ | ২২/০৬/২০২২<br>বুধবার | X | |
| ১। ইংরেজি (আবশ্যিক) -২য় পত্র | ১০৮ | ২৪/০৬/২০২২<br>শুক্রবার | X | |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ২৭/০৬/২০২২<br>সোমবার | X | |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়) | ১৫১<br>১৩৪ | ২৮/০৬/২০২২<br>মঙ্গলবার | X | |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ৩০/০৬/২০২২<br>বৃহস্পতিবার | X | |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ০২/০৭/২০২২<br>শনিবার | X | |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ০৩/০৭/২০২২<br>রবিবার | X | |
| ১। উচ্চতর গণিত (তত্ত্বীয়) | ১২৬ | ০৪/০৭/২০২২<br>সোমবার | X | |
| ১। হিসাব বিজ্ঞান | ১৪৬ | ০৫/০৭/২০২২<br>মঙ্গলবার | X | |
| ১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ০৬/০৭/২০২২<br>বুধবার | X | |

### ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| বিষয় | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৩/০৭/২০২২ বুধবার হতে ১৯/০৭/২০২২ মঙ্গলবার এর মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ২০/০৭/২০২২ তারিখ বুধবার এর মধ্যে হাতে হাতে প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসাওে সাজিয়ে পরীক্ষা শাখা(মাধ্যমিক) এ জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০টা হতে পরীক্ষা শুরু হবে | মূল কেন্দ্র প্রতিষ্ঠানে পরীক্ষা অনুষ্ঠিত হবে। | ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোন ক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। |

**বিশেষ নির্দেশাবলি:**

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিন দিন পূর্বে সংগ্রহ করবে।

৫। সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষা রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।

৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক ) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় নন-প্রোগ্রামএ্যাবল সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।

১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না।

১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।

১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুন:নিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

১৩/০৬/২০২২

(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
ফোনঃ ০২৯৯৬৬৪৩৫৩৫

13/06/2022

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, সিলেট।

৪। রেঞ্জ ডি আই জি, সিলেট।

৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী / যশোর/ কুমিল্লা/ চট্টগ্রাম/ বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড।

৬। সিলেট শিক্ষা বোর্ডের আওতাভুক্ত জেলাসমূহের জেলা প্রশাসকগণ।

৭। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী / যশোর/ কুমিল্লা/ চট্টগ্রাম/ বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড।

৮। শিক্ষা বোর্ডের অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণ।

৯। সিলেট শিক্ষা বোর্ডের অনুমোদিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণ।

১০। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।

১১। সিলেট শিক্ষা বোর্ডের আওতাভুক্ত উপজেলাসমূহের উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দ।

১২। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, হেড পোস্ট অফিস, সিলেট।

১৩। সিলেট শিক্ষা বোর্ডের কর্মকর্তাবৃন্দ।

১৪। চেয়ারম্যান মহোদয়ে একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

১৫। সংরক্ষণ কপি।

১৩/০৬/২০২২

(শরীফ আহাম্মেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

13/06/2022